

## টিএমএসএসএসের উদ্যোগ

# টেকনিক্যাল ট্রেডে প্রশিক্ষণ পাবেন সহস্রাধিক

চাকরি নিয়ে ডেস্ক

স্কিল ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রামের আওতায় বিনামূল্যে প্রশিক্ষণ দেবে বেসরকারি উন্নয়ন সংস্থা টিএমএসএস। পিকেএসএফের অর্থায়নে আইটি ও বিভিন্ন টেকনিক্যাল ট্রেডে বিনামূল্যে প্রশিক্ষণ দেবে বেসরকারি উন্নয়ন সংস্থা টিএমএসএস। যেসব কোর্সে প্রশিক্ষণ ওয়েব ডিজাইন ও গ্রাফিকস ডিজাইন এবং আইটি সাপোর্ট সার্ভিস : এই কোর্সটির মেয়াদ ছয় মাস। যোগ্যতা এইচএসসি বা সমমান অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস। আউটসোর্সিং [আইসিটি] : কোর্সটির মেয়াদ তিন মাস। এইচএসসি বা সমমান অথবা ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পাস হলেই আবেদন করা যাবে। অটোমোবাইল মেকানিকস/ ইলেকট্রনিক অ্যান্ড ইলেকট্রিক্যাল ওয়ার্ক/পল্গাস্বিং অ্যান্ড পাইপ ফিটিং এবং ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন কোর্স : এর মেয়াদ ছয় মাস। পঞ্চম শ্রেণি পাস হলেই আবেদন করা যাবে। রড বাইন্ডিং/স্ট্রিট ফিকচার, সুল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটাল ওয়ার্ক কোর্স : মেয়াদ তিন মাস। পঞ্চম শ্রেণি পাস হলেই আবেদন করা যাবে এই কোর্সে। প্রতিষ্ঠানটি ২০১৭ সাল পর্যন্ত ১ হাজার ২৭৫ জনকে প্রশিক্ষণ দেবে। আবেদন আবেদনকারীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। যে কোনো ট্রেডের ক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ফরম সংগ্রহ করা যাবে টিএমএসএসের অফিস ও নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে। বাছাই ও প্রশিক্ষণ আবেদনের পর প্রার্থী বাছাই করা হবে। বাছাইয়ের সময় শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা, কাজ করার মানসিকতা, শারীরিক যোগ্যতা, কাজ শেখার আগ্রহ, সাধারণ জ্ঞান যাচাই করা হবে। এ ছাড়া মৌখিক এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশ নিতে হবে। আইটি-বিষয়ক কোর্সে ইংরেজিতে দক্ষতা থাকতে হবে। দুই পদ্ধতিতে প্রশিক্ষণ দেওয়া হবে হাতে-কলমে। তাত্ত্বিক ২০ শতাংশ এবং ব্যবহারিক ক্লাস হবে ৮০ শতাংশ। চাকরি ও ঋণ সুবিধা প্রশিক্ষণ শেষে কাজের মূল্যায়নের ভিত্তিতে দেওয়া হবে সনদ। এছাড়া টিএমএসএসের জব প্লেসমেন্ট সেন্টারের মাধ্যমে ৭০ শতাংশ প্রশিক্ষণার্থীকে সংশ্লিষ্ট ক্ষেত্রে চাকরি পাওয়ায় সহায়তা করা হবে। পাওয়া যাবে ঋণ সুবিধাও। ভর্তি তথ্য পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রার্থী খোঁজা হবে। অনলাইনে আবেদন করতে পারেন [www.tti-bd.info](http://www.tti-bd.info) ও [www.tmss-bd.org](http://www.tmss-bd.org)-এই দুটি ওয়েবসাইটে। এ ছাড়া যে কোনো তথ্যের জন্য টিএমএসএস ভবন, ৬৩১/৫ পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা ঠিকানায় যোগাযোগ করতে পারেন। জরুরি যোগাযোগ ঢাকা : মোবাইল ০১৭২২৩৭৮০১০; বগুড়া : মোবাইল ০১৭২২৬৮৮৪৬৪, ০১৭১০৮৪৬৩৮২, ০১৭১৯০২৬৯৩৫; খুলনা : ০১৭২০১১৭৩৫৫; চট্টগ্রাম : ০১৭৩১৯০০৩৭০ ও রংপুর : ০১৭১৭৯৬৪৬৫৪।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮